

**প্রাথমিক বিদ্যালয়ে মেয়েদের
অন্তর্ভুক্তির ক্ষেত্রে বাংলাদেশ
সফল : ইউনিসেফ**

বিভিন্টিজ : মেয়েশিশুদের প্রাথমিক বিদ্যালয়ে যাওয়ার সংখ্যা বৃদ্ধির ক্ষেত্রে সফলতা অর্জনকারী দেশের মধ্যে বাংলাদেশ অন্যতম। বাংলাদেশে শিশুদের প্রাথমিক বিদ্যালয়ে যাওয়ার অনুপাত ৮৫ শতাংশের কিছুটা নিচে। শিক্ষা ক্ষেত্রে নারী-পুরুষ সমতা অর্জনে অগ্রগতি ও চ্যালেঞ্জ অর্জনে 'বৈজ্ঞানিক অ্যাট্টিচমেন্ট অ্যান্ড এসপেট এডুকেশন' শীর্ষক ইউনিসেফের এক রিপোর্টে এ কথা বলা হয়েছে।

গত সোমবার প্রকাশিত এই রিপোর্টে বলা হয়, প্রাথমিক বিদ্যালয়ে না যাওয়া সারা বিশ্বের মোট ১৫ কোটি শিশুর মধ্যে বাংলাদেশের রয়েছে ৩৮ লাখ অর্থাৎ ৩ শতাংশ শিশু।

ইউনিসেফের এই রিপোর্টে বলা হয়, ২০০৫ সালের মধ্যে ৪৬টি দেশে ছেলেশিশুর তুলনায় মেয়েশিশুর বিদ্যালয়ে যাওয়ার লক্ষ্য অর্জন করতে পারেনি।

রিপোর্ট অনুযায়ী ১৫ কোটি শিশুর মধ্যে বেশিরভাগই রয়েছে ইউনিসেফের বক্তব্য অনুযায়ী বাংলাদেশের লক্ষ্য হচ্ছে ২০০৫ সালের মধ্যে শ্রীলঙ্কা ও মালদ্বীপের মতো নারী-পুরুষ সমতা বিধান করা।

রিপোর্টে বলা হয়, প্রাথমিক বিদ্যালয়ে না যাওয়া ৪৬ টি দেশের বেশিরভাগই মধ্যপ্রাচ্য/উত্তর আফ্রিকা, দক্ষিণ এশিয়া এবং পশ্চিম ও মধ্য আফ্রিকা।

তুলে না যাওয়া বিশ্বের মোট শিশুর এক-তৃতীয়াংশ শিশু দক্ষিণ এশিয়ার। এক্ষেত্রে শুধুমাত্র ভারতের শিশুর পরিমাণ ২০ কোটি ৬৮ লাখ (২৩ শতাংশ)। পাকিস্তানের মোট ৭৮ লাখ (৭ শতাংশ) এবং বাংলাদেশের ৩৮ লাখ (৩ শতাংশ) শিশু প্রাথমিক বিদ্যালয়ে যায় না।

রিপোর্টে বলা হয়, ২০০৫ সালের মধ্যে প্রাথমিক ও মাধ্যমিক এবং ২০১৫ সালের মধ্যে শিক্ষার সকল স্তরে নারী-পুরুষের সমতা ও নারীর ক্ষমতায়ন নিশ্চিত করা সহস্রাব্দের উন্নয়নের অন্যতম লক্ষ্য।